

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

গোপালদী শাখা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

অর্থঝণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স দেলোয়ার টেক্সটাইল, স্বত্ত্বাধিকারী-মোঃ দেলোয়ার হোসেন, পিতাঃ হাজী আব্দুল মাহান ভূইয়া, মাতাঃ হাজী মোছাঃ ওমেদা বেগম, ব্যবসায়িক ঠিকানাঃ সিলামাহল গলি, গোপালদী বাজার, গোপালদী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ, বর্তমান ঠিকানাঃ নুরু খলিফার বাড়ি (৩য় তলা), গোপালদী বাজার, গোপালদী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ, স্থায়ী ঠিকানাঃ ভূইয়াবাড়ি, দক্ষিণ চৰভাসানিয়া (পূর্বপাড়া), পোঃ-মেঘনা বাজার, থানা-নরসিংহদী সদর, জেলা-নরসিংহদী কর্তৃক ইউসিবি, গোপালদী শাখা, নারায়ণগঞ্জ হইতে গৃহীত খণ্ডের জামানত হিসাবে খণ্ডগৃহীতা মোঃ দেলোয়ার হোসেন ও তাহার ভাই মোঃ আনোয়ার হোসেন এবং মোঃ আরিফ হোসেন নিম্ন তফসিলভূত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রি কৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন এবং রেজিস্ট্রি কৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। খণ্ডগৃহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক খণ্ড পরিশোধ না করায় বিগত ৩০/১০/২০১৮ইঁ তারিখ পর্যন্ত খণ্ড হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ২৭,৪২,২৯৪.৮৫ (সাতাশ লক্ষ বিয়াল্লিশ হাজার দুইশত চুরানৰহ টাকা পঁচাশি পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণসং ঠিকানা উল্লেখপূর্বক সীলনোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-নরসিংহদী, থানা-নরসিংহদী, সাব-রেজিস্ট্রি অফিস-নরসিংহদী সদর, জে.এল. নং-সি-৩২৭, এস.এ.- ১৬৫, আর.এস.-১৪৮, মৌজা-পুরানচরস্থিত, সি.এস. খতিয়ান নং-৮৮, এস.এ. খতিয়ান নং-৮১, আর. এস. খতিয়ান নং-৮৯, সি.এস. ও এস.এ. দাগ নং-২৫, আর.এস. দাগ নং-৬৫৪, নামজরী খতিয়ান নং-৭৮৯, জেত নং-৭৮৯, মোট জমির পরিমাণ-২৮.৫০ (আটাশ দশমিক পাঁচ শূন্য) শতাংশ যাহার চৌহদীঃ উন্নরে-কাইয়ুম মিয়া, দক্ষিণে-কালু মিয়া, পূর্বে-মোঃ কাশেম মোল্লা এবং পশ্চিমে-রাস্তা।

নিলামের শর্তাবলী :-

- ১। আগামী ২৬/১১/২০১৮ ইঁ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গোপালদী শাখায় রাখিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রি কৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং এ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রাতাকে উদ্ভৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ভৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ভৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফ্ট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গোপালদী শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়ান্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাতাকের জামানত বাজেয়ান্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রহ্য করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

- ৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশধারণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যক্তিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গোপালদী শাখা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।